



উদ্ভাবনের উদ্দেশ্য

উচ্চ ফলনশীল আগাম বোরো জাতের ধান উৎপাদন; শস্য নিবিড়তা বৃদ্ধি এবং ডাল, তেল ও অন্যান্য রবি ফসলের আবাদের সময় বৃদ্ধি করার লক্ষ্যে Tap Hanh ধানের জাতটি রূপান্তর করে বাংলাদেশের আবহাওয়া উপযোগী ও উচ্চ ফলনশীল জাত উদ্ভাবনের নিমিত্তে বায়োটেকনোলজি বিভাগ, বিনা'তে গবেষণা কার্যক্রম শুরু হয়।

জাত পরিচিতি

ভিয়েতনাম হতে Tap Hanh জাতের বীজকে গামা রশ্মি প্রয়োগ করে উদ্ভাবন করা হয় বিনাধান-২৪। এর মিউট্যান্ট লাইন THDB। পরবর্তীতে এই মিউট্যান্ট লাইনটি দেশের বিভিন্ন অঞ্চলে বোরো মৌসুমে পরীক্ষা নীরিক্ষা করা হয়। এ সমস্ত পরীক্ষণে মিউট্যান্টটি চেক জাত ব্রিধান-২৮ অপেক্ষা বেশি ফলন দিতে সক্ষম হওয়ায় ২০২০ সালে বিনাধান-২৪ বোরো মৌসুমে সারাদেশে চাষাবাদের জন্য অনুমোদন দেওয়া হয়।

জাতের বৈশিষ্ট্য

- গাছ খাটো (৯৫-৯৭ সে.মি.) ও খাড়া বিধায় হেলে পড়ে না।
- জীবনকাল ১৪০-১৪৫ দিন।
- ধানের দানা লম্বা ও মাঝারি চিকন; ১০০০ ধানের ওজন ২৭.৫ গ্রাম।
- গড় ফলন ৬.৫ টন/হেক্টর।
- সর্বোচ্চ ফলন ৯.০ টন/হেক্টর।



বিনাধান-২৪ এর মাঠ দৃশ্য ও ধানের ছবি

বিশেষ বৈশিষ্ট্য

- গাছ শক্ত বিধায় হেলে পড়ে না।
- ডিগপাতা খাড়া ও মোটা এবং পরিপক্ক অবস্থায় গাছ সবুজ থাকে।

চাষাবাদ পদ্ধতি

- বীজতলায় বীজ বপন ও বীজ হার: নভেম্বর মাসের দ্বিতীয় সপ্তাহ হতে শেষ সপ্তাহ (অগ্রহায়ণের ১ম হতে দ্বিতীয় সপ্তাহ) পর্যন্ত। রোপণের ক্ষেত্রে বীজের হার: ২৫-৩০ কেজি/হে. বা ১০-১২ কেজি/একর।
- চারার বয়স ও রোপন: ৩৫-৪০ দিনের চারা ডিসেম্বর মাসের শেষ সপ্তাহ হতে জানুয়ারি মাসের দ্বিতীয় সপ্তাহ (পৌষ মাসের দ্বিতীয় সপ্তাহ হতে শেষ সপ্তাহ) পর্যন্ত রোপণ করলে ভালো ফলন পাওয়া যায়।
- সার ব্যবস্থাপনা: প্রতি হেক্টরে: ইউরিয়া- ২৩০-২৫০ কেজি, টিএসপি- ১১০-১২০ কেজি, এমওপি- ৬০-৮০ কেজি, জিপসাম- ৪৫-৫০ কেজি, জিংক সালফেট- ৩-৪ কেজি। রোপণের ক্ষেত্রে ইউরিয়া সারের অর্ধেক ও এমওপি সারের শেষ চতুর্থাংশ রোপণের ৩০-৩৫ দিন পর মধ্যে জমির উর্বরতার উপর নির্ভর করে প্রয়োগ করতে হবে।
- কাঙ্ক্ষিত ফলন পাওয়ার জন্য আগাছা দমন, মালচিং ও সার প্রয়োগ অত্যন্ত সতর্কতার সাথে সময়মত সম্পন্ন করতে হবে।

বিশেষ সতর্কতা

- যে জমিতে পানি জমে থাকে সে জমি জাতটি চাষাবাদের উপযোগী নয়।
- মাজরা পোকের আক্রমণ দেখা দিলে ভিরতাকো স্প্রে করতে হবে ও ব্লাস্ট রোগ দেখা দিলে ট্রুপার প্রতি একরে ১৬০ গ্রাম মাত্রায় প্রয়োগ করতে হবে।
- ভালো ফলন পাওয়ার জন্য সঠিকভাবে ধান কর্তন ও বীজ সংরক্ষণ অত্যন্ত গুরুত্বপূর্ণ।

আরও তথ্যের জন্য: বিভাগীয় প্রধান (বায়োটেকনোলজি বিভাগ), বিনা, ময়মনসিংহ-২২০২, মোবাইল: ০১৭৫৬-৯২৬৬৮০
ইমেইল: imtiazukm@gmail.com ওয়েবসাইট: www.bina.gov.bd